60

তারিখ ... 08 OCT 1994
পৃষ্ঠা ৮ কলাম ৪

দৈনিক বাংলা

### ছাত্র সংগঠনগুলোর দায়িত্ব অনেক ঃ প্রো-ভিসি

# ঢাকা ভার্সিটি ঃ অবস্থা ভালো থাকলে ৩ বছরে সেশনজট দূর হবে

মুজতবা খন্দকার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ওয়াকিল আহমদ ক্যাম্পাস পরিস্থিতি সম্পর্কে বলেছেন; বর্তমানে ঢাকা ভার্সিটি ক্যাম্পাস শান্ত। এ মাসে ঢাকা ভার্সিটিতে কোন ক্লাস ও পরীক্ষার সময়সূচী ব্যাহত হয়নি। প্রো-ভাইস চ্যান্সেলর আশা প্রকাশ করেছেন যে এ পরিস্থিতি বজায় থাকলে এবং নিয়মিত ক্লাস হলে আগামী তিন বছরের মধ্যে ঢাকা ভার্সিটি থেকে সেশন জট দূর করা সম্ভব হবে। শুক্রবার তিনি দৈনিক বাংলাকে একথা বলেন।

প্রো-ভিসি প্রফেসর ওয়াকিল আহমদ আরও বলেন, ক্যাম্পাস পরিস্থিতির উপর নির্ভর করে সেশনজট। তাই বিশ্ববিদ্যালয় পরিস্থিতির সার্বিক অবস্থার উন্নতির জন্য ছাত্র সংগঠনগুলোর পাশাপাশি রাজনৈতিক দলগুলোর একটি বড় ভূমিকা রয়েছে।

গত সেপ্টেম্বর মাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর বিবদমান দুটি সংগঠনকে নিয়ে সমঝোতা বৈঠকে বসেন। উভয় সংগঠনই ক্যাম্পাসের বিগত ঘটনার জন্য দুঃখ প্রকাশ করে ভিসির কাছে অঙ্গীকার করেন। ক্যাম্পাস পরিস্থিতি শান্ত রাখবে ঐ বৈঠকের পর বর্তমান ক্যাম্পাস পরিস্থিতি শান্ত। রীতিমত ক্লাস হচ্ছে। এর আগে গত আগস্ট মাসেও বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিয়ে কর্তৃপক্ষ মধুর ক্যান্টিনে ছাত্রদল ও ছাত্রলীগ নেতৃবৃন্দকে নিয়ে বসেছিলেন। ফুল ও মিষ্টি বিনিময়ের মাধ্যমে সংগঠনগুলো শান্তিপূর্ণ ক্যাম্পাসের অঙ্গীকার ব্যক্ত করেন।

এ অবস্থার প্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি মনে করেন, ক্যাম্পাসে সন্ত্রাস হওয়া ও না হওয়ার পিছনে ছাত্র সংগঠনগুলির একটি বড় দায়িত্ব রয়েছে।

ক্যাম্পাস পরিস্থিতি ও স্থগিত ঘোষিত ডাকসু নির্বাচন সম্পর্কে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ডঃ নজরুল ইসলাম দৈনিক বাংলাকে বলেন, ঢাকা ভার্সিটি ক্যাম্পাস পরিস্থিতি নির্ভর করে বিশ্ববিদ্যালয়ের বাইরের সামগ্রিক পরিস্থিতির উপর। তাই নিশ্চিত করে কখনই বলা যায় না ক্যাম্পাস পরিস্থিতি শান্ত। তিনি বলেন, রাজনৈতিক দল ও তাদের নেতারাই মূলত ক্যাম্পাস নিয়ন্ত্রণ করে। প্রক্টর বলেন, তাদের উচিত দেশ ও জাতীয় স্বার্থে ছাত্র সংগঠনগুলিকে সঠিক পথে পরিচালিত করা।

ডাকসু নির্বাচন সম্পর্কে প্রক্টর বলেন, সম্মিলিতভাবে ডাকসু নির্বাচনের দাবি উঠলে কর্তৃপক্ষ ভেবে দেখবেন।